

2022/TDC (CBCS)/EVEN/SEM/  
BNGHCC-601T/022

TDC (CBCS) Even Semester Exam., 2022

BENGALI  
( Honours )

( 6th Semester )

Course No. : BNGHCC-601T

( প্রাচ্য সাহিত্যতত্ত্ব ও ছন্দ অলংকার )

পূর্ণমান : ৭০

উত্তীর্ণ মান : ২৮

সময় : ৩ ঘণ্টা

Satya Ranjan College

পাঠ্যক্রম সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে-কোন দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- ১। 'ধ্বন্যালোক' গ্রন্থের রচয়িতার নাম কী? এই গ্রন্থের টীকা কে রচনা করেন?
- ২। তোমার পঠিত 'কাব্য জিজ্ঞাসা' গ্রন্থটি কার লেখা? 'সাহিত্যদর্পণ'-কার কে?
- ৩। 'বিভাব' কাকে বলে, সংজ্ঞা দাও।

- ৪। রবীন্দ্রনাথের 'সাহিত্য' গ্রন্থরূপে প্রথম কত সালে প্রকাশিত হয় ?  
এটি ছাড়া তাঁর রচিত অন্য একটি সাহিত্যতত্ত্ব-বিষয়ক গ্রন্থের  
নাম লেখো।
- ৫। 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে বলা হয়েছে—'মেয়েদের কাজ  
হৃদয়ের কাজ'। মেয়েদের হৃদয়ের যে দুটি কাজের কথা বলা  
হয়েছে, সেগুলি কী কী ?
- ৬। "Truth is beauty, beauty is truth." কোন্ কবি  
একথা বলেছেন ? রবীন্দ্রনাথের মতে কোন্ দেবী একাধারে  
'Truth' এবং 'Beauty'-র প্রতিমূর্তি ?
- ৭। স্বরধ্বনি কাকে বলে ?
- ৮। পর্ব কাকে বলে ? একটি উদাহরণ দাও।
- ৯। পদো একটি সুনির্দিষ্ট কালের ব্যবধানে যে উচ্চারণবিবর্তি তাকে  
কী বলে ? তার প্রকারভেদ উল্লেখ করো।
- ১০। উদাহরণসহ বিরোধাতাস অলংকারের সংজ্ঞা দাও।
- ১১। উপমা অলংকারের কয়টি অঙ্গ ? সেগুলি কী কী ?
- ১২। অচেতনের উপর চেতনাদুক্ত প্রাণীর ব্যবহার আরোপিত হলে কী  
অলংকার হয় ? একটি উদাহরণ দাও।
- ১৩। কোন ছন্দে পর্বের আদি অক্ষরে প্রবল প্রথর বা বল (tress  
accent) পড়ে ? এই ছন্দের লয় কী ?

- ১৪। মহাকাব্য, আখ্যানকাব্য ইত্যাদি কোন ছন্দে লিখিত ? এই ছন্দের  
একক রুদ্ধ অক্ষর কয় মাত্রা হিসেবে বিবেচিত ?
- ১৫। 'বাংলা ছন্দের মূলসূত্র' গ্রন্থটির লেখক কে ? কোন্ ছন্দকে  
মধুসূদন অমিত্রাক্ষর ছন্দে রূপান্তরিত করেছিলেন ?

SECTION—B

যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

১০×৫=৫০

- ১৬। 'কাব্যস্যাঝা ধ্বনি' উক্তিটির আলোকে কাব্যরস আশ্বাদনে  
'ধ্বনি'-র গুরুত্ব আলোচনা করো।
- ১৭। "কাব্য যে মানুষের উপাদেয়, সে এই অলংকারের জন্য।  
'কাব্য গ্রাহ্যমলংকারাৎ'।" এই অভিমতের স্বপক্ষে  
আলংকারিকরা যেসব যুক্তি দিয়েছেন তার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ১৮। রবীন্দ্রনাথ বলেছেন—"জ্ঞানের কথাকে প্রমাণ করিতে হয়, আর  
ভাবের কথাকে সঞ্চার করিয়া দিতে হয়। তাহার জন্য নানা  
প্রকার আভাস-ইঙ্গিত, নানা প্রকার ছলাকলার দরকার হয়।  
তাহাকে কেবল বুকহিয়া বলিলেই হয় না, তাহাকে সৃষ্টি করিয়া  
তুলিতে হয়।" তোমার পঠিত 'সাহিত্যের সাহস্রী' পাঠ  
অবলম্বনে মন্তব্যটি বিশদ করো।
- ১৯। তোমার পঠিত 'সাহিত্য' গ্রন্থের যে-কোন একটি প্রবন্ধ  
অবলম্বনে রবীন্দ্রনাথের সাহিত্যতত্ত্বমূলক ভাবনার যে-কোন  
একটি দিকের সংক্ষিপ্ত রূপরেখা অঙ্কন করো।

- ২০। উদাহরণসহ তানপ্রধান ছন্দের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি আলোচনা  
করো।
- ২১। ছান্দ্যাত-প্রধান ছন্দ কাকে বলে? উদাহরণসহ এই ছন্দের  
বৈশিষ্ট্যগুলি লেখো।
- ২২। উদাহরণসহ যে-কোন দুটি অলংকারের প্রকারভেদ নিয়ে  
আলোচনা করো :  
শ্রেয় ; যমক ; রূপক।
- ২৩। যে-কোন দুটি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা লেখো :  
অতিশয়োক্তি ; বাহুল্যতি ; বহুলাক্তি।
- ২৪। ছন্দলিপি প্রস্তুত করো (যে-কোন দুটি) :
- (ক) "হেত অক্ষিসের কড়বাবু লোকটি বড় শাস্ত্র,  
তার যে এমন মাখার ব্যামো কেউ কখনো জান্ত ?"
- (খ) "পল্লবেরে দহ করে করোহ এ কী সন্ন্যাসী,  
বিশ্বদয় বিখেছ তারে ছড়ায়ে!  
ব্যাকুলতার বেদনা তার বাতাসে উঠে নিশ্বাসি,  
অশ্রু তার আকাশে পড়ে গড়ায়ে।"
- (গ) "এনেছিলে সাথে করে মৃত্যুছীন প্রাণ  
মরণে তাহাই তুমি করে গেলে দান।"
- (ঘ) "অহিরাবণ, মহীরাবণ সকল রাবণ মরে  
রাবণ রাজার বৃকে যেন মস্ত ভাঙন ধরে।"

- (ঙ) "কাতা তরবর পক্ষ বি ডাল।  
চঞ্চল টীএ পইটো কাল ॥"
- ২৫। ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো (যে-কোন দুটি) :
- (ক) "আনিয়াছি ছুরি তীক্ষ্মীপ্ত প্রভাতরশ্মিসম।"
- (খ) "বাজে পূর্ববীর ছন্দে রবির শেষ রাগিনীর বীল।"
- (গ) "বসুন্ধরা, নিবসের কর্ম অবসানে,  
মিনাস্তের বেড়াটি ধরিয়া, আছে চাহি  
দিগন্তের পানে।"
- (ঘ) "কি সুন্দর মালা আজি পরিচ্ছাদ গলে, প্রচেতঃ!"
- (ঙ) "ধবণী এগিয়ে আসে দেহ উপহার ;  
ও যেন কনিষ্ঠা মেয়ে দুলালী আনার।"

\*\*\*